



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী প্রগতি কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা।
www.pppbd.org



স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৩৬.০২.০৯৯.২৪. ৫৭৬(ক)


তারিখ:- ৩০/০১/২০২৫

বিষয়: কর্মসূচির বিভিন্ন খাতের অব্যয়িত অর্থ সদর কার্যালয়ে প্রেরণ না করায় ব্যাখ্যা তলব।

- সূত্র: ১। কর্মসূচি কার্যালয়ের ১১/০৯/২০২৪ খ্রিঃ তারিখের ৪৬৪ নং স্মারক।
২। কর্মসূচি কার্যালয়ের ১৯/১১/২০২৪ খ্রিঃ তারিখের ৫১১ নং স্মারক।

পল্লী প্রগতি কর্মসূচি প্রকল্পের মেয়াদান্তে ২০০৮ খ্রিঃ হতে অদ্যবধি কর্মসূচি আকারে বিআরডিবি'র নিজস্ব ব্যবস্থাপনায় বাস্তবায়িত হচ্ছে। সরকার কিংবা বিআরডিবি হতে ঋণ খাতে কোন তহবিল না পাওয়ায় মাঠ পর্যায়ে কর্মসূচির ঋণ তহবিলের ব্যাপক চাহিদা মিটানো যাচ্ছে না। অপরদিকে মাঠ পর্যায়ে অনেক উপজেলায় কর্মসূচির ব্যাংক হিসাবে দায়মুক্ত তহবিলের অর্থ অলসভাবে পড়ে আছে যা ঋণ তহবিল হিসেবে ব্যবহারের জন্য নীতি-নির্ধারণী কমিটিতে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তদপ্রেক্ষিতে সূত্র ১নং স্মারকের মাধ্যমে আপনার উপজেলায় ব্যাংকে অলসভাবে রক্ষিত পল্লী প্রগতি কর্মসূচির দায়মুক্ত সকল খাতের অর্থ বিগত ৩০/০৯/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে সূত্র ২নং স্মারকের মাধ্যমে ৩০/১১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে উল্লেখিত অর্থ প্রেরণের জন্য তাগাদা প্রদান করা হয়। কিন্তু অদ্যবধি ৩৯ (উনচল্লিশ) টি উপজেলা হতে সংশ্লিষ্ট খাতের অর্থ পাওয়া যায়নি, যা উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্যের সামিল (তালিকা সংযুক্ত)। আপনার এহেন অবহেলা ও উদাসীনতার কারণে কর্মসূচির গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত বাস্তবায়ন বাধাগ্রস্ত হচ্ছে। দীর্ঘ সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও চাহিত অর্থ প্রেরণ না করার যথোপযুক্ত কারণ আগামী ০৭ কার্যদিবসের মধ্যে ব্যাখ্যা করার জন্য সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাদের বলা হলো। একইসাথে চাহিত অর্থ আগামী ০৭ কার্যদিবসের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য চূড়ান্ত তাগাদা প্রদান করা হলো।

সংযুক্তি: ৩৯ টি উপজেলার তালিকা।


নাদিরা হায়দার
(যুগ্ম সচিব)
পরিচালক (সরেজমিন)
বিআরডিবি, ঢাকা


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
..... উপজেলা, জেলা।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৩৬.০২.০৯৯.২৪.

তারিখ:- ৩০/০১/২০২৫

অনুলিপি:


- ১। উপপরিচালক, বিআরডিবি, জেলা (পত্রের নির্দেশনানুসারে দ্রুত ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি/প্রোগ্রামার, পল্লী প্রগতি কর্মসূচি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সহকারী পরিচালক (মনিটরিং), পল্লী প্রগতি কর্মসূচি, বিআরডিবি, ঢাকা।
- ৫। পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি।


মিজানুর রহমান
কর্মসূচি পরিচালক
ফোন- ৫৫০১১৭৪৬

যে সমস্ত উপজেলা থেকে অর্থ প্রেরণ করা হয়নি। (৩০/০১/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত)

ক্রঃ নং	জেলার নাম	উপজেলার নাম
১	পঞ্চগড়	তেঁতুলিয়া
২	কুড়িগ্রাম	চিলমারী
৩	কুড়িগ্রাম	রাজিবপুর
৪	গাইবান্ধা	সদর
৫	গাইবান্ধা	পলাশবাড়ী
৬	নড়াইল	লোহাগড়া
৭	নড়াইল	কালিয়া
৮	বাগেরহাট	ফকিরহাট
৯	বাগেরহাট	শরণখোলা
১০	ভোলা	চরফ্যাশন
১১	বরিশাল	মেহেন্দীগঞ্জ
১২	ঝালকাঠী	কাঁঠালিয়া
১৩	গোপালগঞ্জ	মুকসুদপুর
১৪	ঢাকা	সাভার
১৫	ঢাকা	ধামরাই
১৬	ঢাকা	কেরানীগঞ্জ
১৭	সুনামগঞ্জ	জগন্নাথপুর
১৮	সুনামগঞ্জ	ছাতক
১৯	সুনামগঞ্জ	জামালগঞ্জ
২০	সুনামগঞ্জ	তাহিরপুর

ক্রঃ নং	জেলার নাম	উপজেলার নাম
২১	সুনামগঞ্জ	দোয়ারাবাজার
২২	সুনামগঞ্জ	দিরাই
২৩	সিলেট	সদর
২৪	সিলেট	গোলাপগঞ্জ
২৫	সিলেট	বিয়ানীবাজার
২৬	সিলেট	জকিগঞ্জ
২৭	সিলেট	কানাইঘাট
২৮	সিলেট	দক্ষিণ সুরমা
২৯	চট্টগ্রাম	মিরশরাই
৩০	চট্টগ্রাম	লোহাগড়া
৩১	চট্টগ্রাম	রাঙ্গুনিয়া
৩২	কক্সবাজার	রামু
৩৩	কক্সবাজার	উখিয়া
৩৪	কক্সবাজার	টেকনাফ
৩৫	কক্সবাজার	মহেশখালী
৩৬	কক্সবাজার	পেকুয়া
৩৭	রাঙ্গামাটি	নানিয়ারচর
৩৮	নোয়াখালী	হাতিয়া
৩৯	নোয়াখালী	সোনাইমুড়ি



মিজানুর রহমান
কর্মসূচি পরিচালক
পল্লী প্রগতি কর্মসূচি
বিআরডিবি, ঢাকা।